

💵 শুতাবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৭৫. ছোটদের স্নেহ ও বড়োদের সম্মান করা

জারীর ইবনু আবদুল্লাহ্ (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন

مَنْ لا يَرْحَمِ النَّاسَ لا يَرْحَمْهُ اللَّهُ

"যে ব্যক্তি মানুষের প্রতি দয়ার্দ্র নয় আল্লাহ্ তার প্রতি দয়া করেন না।"[১] আবু হুরাইরা (রাঃ) বর্ণিত হাদীসে বলা হয়েছে, নবী করীম (সা.) বলেছেন,

جَعَلَ اللَّهُ الرَّحْمَةَ مائَةَ جُزْءٍ، فَأَمْسَكَ عِنْدَهُ تِسْعَةً وتِسْعِينَ، وَأَنْزَلَ في الأَرْضِ جُزْءَا واحِداً، فَمِنْ ذَلِكَ الجُزْءِ يَتَراحمُ الخَلائِقُ حَتَّى تَرْفَعَ الدَّابَّةُ حَافِرَهَا عَنْ ولَدِهَا خَشْيَةَ أَنْ تُصِيبَهُ

'আল্লাহ্ তা'আলা দয়াকে একশ' ভাগে ভাগ করে নিরানব্বই ভাগ নিজের জন্য রেখে এক ভাগ গোটা সৃষ্টি জগতের মধ্যে ভাগ করে দিয়েছেন। সেইটুকু দয়ার কারণেই ঘোড়া সতর্কতার সাথে তার পা রাখে যেন নবজাতক বাচ্চার উপরে গিয়ে তা না পড়ে।[২]

আবদুল্লাহ্ ইবনু আমর (রাঃ) থেকে বর্ণিত, রাসূলে আকরাম (সা.) বলেছেন,

مَنْ لَمْ يَرْحَمْ صَغِيرَنَا، ويَعْرِفْ حَقَ كَبِيرِنَا؛ فَلَيْسَ مِنَّا

'আমাদের মধ্যে যারা ছোট তাদের প্রতি যে দয়া করে না এবং আমাদের মধ্যে যারা বড়ো তাদেরকে যথাযথ সম্মান করে না সে আমাদের দলভুক্ত নয়।[৩]

অন্য হাদীসে ইমামত সম্পর্কে বলা হয়েছে.

'তোমাদের মধ্যে যে বেশী বয়স্ক সেই ইমাম হবে।

ফুটনোট

- [১]. সহীহ আল বুখারী; সহীহ মুসলিম।
- [২]. সহীহ আল বুখারী; সহীহ মুসলিম।
- [৩]. সহীহ মুসলিম; সুনানু আবী দাউদ।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন